দৈনিক ইত্তেফাক

তারিখ 11.NOV. 1990. ...
পৃষ্ঠা... ২ ...কলাম... ৩

60

# শিক্ষক সমিতি ও ছাত্রঐক্য আজ ঢাকা ভার্সিটির ক্লাসে যোগ দিবে

(ইত্তেফাক রিপোর্ট)

শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ প্রত্যাখ্যানের উদ্দেশ্যে আজ (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহ্বানে শিক্ষকবৃন্দ এবং সর্বদলীয় ছাত্রঐক্যের আহ্বানে

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## ক্লাসে যোগ দিবে

(১ম পৃ: পর)

ছাত্র-ছাত্রীরা ক্লাস গ্রহণ ও ক্লাসে যোগদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। গত শুক্রবার শিক্ষক সমিতির জরুরী সভায় শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ প্রত্যাখ্যানের ব্যাপারে ঐক্যমত পোষণ করিয়া ক্লাস গ্রহণের প্রতীকী কর্মসূচী পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সর্বদলীয় ছাত্রঐক্য শিক্ষক সমিতির এই সিদ্ধান্তকে স্বাগত জানাইয়া ক্লাসে যোগদানের জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানাইয়াছে।

গতকাল এই প্রতিনিধির সহিত এক সাক্ষাৎকারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ অথবা খোলা রাখার দায়িত্ব সিণ্ডিকেটের। কাজেই সিণ্ডিকেটকে পাশ কাটাইয়া যে অধ্যাদেশ বলে বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হইয়াছে, তাহা আমরা মানি না। আজ ক্লাস গ্রহণের প্রতীকী কর্মসূচী সম্পর্কে তিনি বলেন, সকাল সাড়ে ৮টার পর শিক্ষকবৃন্দ কালোব্যাজ ধারণ করিয়া নিজ নিজ বিভাগে ক্লাস গ্রহণের জন্য গমন করিবেন। ছাত্র-ছাত্রীরা ক্লাসে আসিলে অবশ্যই তাহাদের ক্লাস নেওয়া হইবে।

অপরদিকে সর্বদলীয় ছাত্রঐক্যের অন্যতম নেতা ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান বলেন, শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ ছাত্ররা মানে না। কাজেই তাহারা আজ শিক্ষকদের সহযোগিতায় বিশ্ববিদ্যালয় খুলিয়া দিবে।

শিক্ষক সমিতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খুলিয়া দেওয়ার জন্য প্রভোষ্টবৃন্দের প্রতি আহ্বান জানাইলেও তাহারা হল খুলিয়া দেওয়ার ব্যাপারে অপারগতা প্রকাশ করিয়াছেন। একজন প্রভোষ্ট বলেন, শিক্ষক সমিতির একজন সদস্য হিসাবে আমি সমিতির সিদ্ধান্তের সহিত একমত। তবে সিণ্ডিকেটের ঘোষণা ছাড়া আমি হল খুলিয়া দেওয়ার এখতিয়ার রাখি না।

উল্লেখ্য, ১৩ই অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইলেও পরবর্তীতে নয়া অধ্যাদেশের আওতায় বন্ধের সময়সীমা এক মাস উল্লেখ করা হয়। ১২ই নভেম্বর বন্ধের একমাস সময় শেষ হইবে। ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট শুক্রবার জরুরী সভায় ১২ই নভেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে সরকারের সহযোগিতা কামনা করিয়াছে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা এবং বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার ব্যাপারে মতামত গ্রহণের জন্য কর্তৃপক্ষ আজ বিকাল সাড়ে ৩টায় সিণ্ডিকেটের সহিত সকল হল প্রভোষ্ট, ডাকসু, হল ছাত্র সংসদসমূহের ভি,পি, জি,এস, ও ২২ ছাত্র সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদকের সহিত এক যৌথসভা আহ্বান করিয়াছে। এই সভার সিদ্ধান্তের আলোকে আগামীকাল (সোমবার) সিণ্ডিকেটের জরুরী সভা অনুষ্ঠিত হইতে পারে। গতরাতে ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেন, 'আমি ব্যক্তিগতভাবে বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার পক্ষে। আজ সিণ্ডিকেটের সহিত বিভিন্ন মহলের সভায় এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হইতে পারে বলিয়া তিনি জানান।

একটি সূত্র জানায়, সরকার ১৩ই নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলিয়া দিতে পারে।